




পোকা পরিচিতি

পূর্ণবয়স্ক ঘাসফড়িং ৩-৪ সেন্টিমিটার লম্বা। পিছনের দু'টো পা লম্বা হওয়ায় এরা লাফিয়ে লাফিয়ে চলে। এদের গায়ের রঙ হালকা সবুজ অথবা হলদে বাদামি। স্ত্রী ফড়িং মাটির মধ্যে ডিম পাড়ে। ডিম



পূর্ণবয়স্ক ঘাস ফড়িং

থেকে কীড়া ফুটতে ১৫-১৮ দিন লাগে। আবহাওয়া ভেদে কীড়া আড়াই থেকে তিন মাস এবং পূর্ণবয়স্ক ফড়িং দেড় থেকে দুই মাস বেঁচে থাকে। এদের জীবন চক্র শেষ হতে প্রায় তিন মাস সময় লাগে।

ক্ষতি

- বাচ্চা এবং পূর্ণবয়স্ক ফড়িং উভয়েই ধান গাছের ক্ষতি করে।
- এরা গাছের পাতা কিনারা থেকে কেটে কেটে খায়। আক্রমণ বেশি হলে এরা পাতার মধ্য শিরা বাদে সম্পূর্ণ পাতা খেয়ে ফেলতে পারে।
- এ ধরনের ক্ষতির ফলে গাছ দুর্বল হয়ে পড়ে এবং ফলন কমে যায়।
- আউশ মৌসুমে এ পোকার প্রাদুর্ভাব বেশি হলেও বোরো ও রোপা আমন ফসলেও এর আক্রমণ দেখতে পাওয়া যায়।



ফড়িং আক্রমণ ক্ষেত্র

দমন ব্যবস্থাপনা

- হাত জাল দিয়ে পোকা ধরে মেরে ফেলা।
- ডালপালা পুঁতে পোকা থেকো পাখি বসার ব্যবস্থা করা।
- প্রয়োজনে কীটনাশক ব্যবহার করা। (তবে এক্ষেত্রে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলেই কীটনাশক প্রয়োগের চিন্তা করা উচিত)।